মুজিব শতবর্ষ MUJIB 100

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৫৫২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৮৭৪ তারিখ: ১৫-০৩-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০১-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩২০২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন শেখ ফজিলাতুন্নেছা মুজিব উচ্চ বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব জাকির হোসেন চৌধুরী একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১৫-০৩-২০২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

জেলা প্রশাসক
নড়াইল

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৬৫৫২/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৮৭৪ (৬) তারিখ: ১৫-০৩-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।
৪। প্রধান শিক্ষক, শেখ ফজিলাতুন্নেছা মুজিব উচ্চ বালিকা বিদ্যালয়, বড়দিয়া, কালিয়া, নড়াইল।
৫। অভিযোগকারী, জনাব জাকির হোসেন চৌধুরী (০১৯৪৬-১৬৫৫২৬), কালিয়া, নড়াইল।
৬। অফিস নথি।

১৫-০৩-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

তারিখ: ০১/০৩/২০২২ খ্রি.

বরাবর
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

বিষয় ঃ প্রবিধানমালা, ২০০৯ লঙ্ঘন ও যশোর শিক্ষা বোর্ড তথা সরকারি নির্দেশনা অমান্য করে ম্যানেজিং কমিটি গঠন করে বোর্ডে প্রেরণ এবং তা বাতিল করে পুনরায় এডহক কমিটি গঠনের আবেদন প্রসঙ্গে।

সূত্র ঃ ১। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রবিধিমালা ধারা ১৪ ও ধারা-১৬
২। বিদ্যমান এডহক কমিটির অনুমোদন পত্র- ১ ফর্দ
৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর মহোদয়ের ২২/০২/২২ খ্রি. বিজ্ঞপ্তি/নোটিশ পত্র- ১ফর্দ
৪। প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী তফসিল এবং পুনঃতফসিল বিজ্ঞপ্তি- ২ফর্দ

জনাব,

বিনীত নিবেদন উপযুক্ত বিষয় ও সূত্র সমূহের আলোকে অভিযোগ করিতেছি যে, ১। নড়াইল জেলার কালিয়া উপজেলার অন্তর্গত শেখ ফজিলাতুন্নেছা মুজিব বালিকা উচ্চ বিদ্যালয় EIIN NO-118363-এর স্কুলের এডহক কমিটির মেয়াদ মাত্র ১২ দিন থাকার পরও প্রবিধানমালা ২০০৯-এর ১৪ ধারা এবং যশোর শিক্ষা বোর্ড কর্তৃক বিজ্ঞপ্তি/নোটিশ যার স্মারক নং ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৫৭ তারিখ ২২/০২/২০০২২ খ্রি. পত্রের নির্দেশনা অমান্য করেছেন প্রিজাইডিং অফিসার। এখানে উল্লেখ্য যে, প্রিজাইডিং অফিসার ও বিদ্যমান এডহক কমিটির সভাপতি জনাব খান শামীম রহমান-এর যোগসাজষে বর্তমান এডহক কমিটির সভাপতির স্ত্রী জনাবা ফরিদা রহমানকে সভাপতি এবং তার মনপুত সদস্যদের দ্বারা ম্যানেজিং কমিটি গঠন করার হীন উদ্দেশ্যে চুপিসারে তড়িঘড়ি করে যাবতীয় নির্বাচন সম্পন্ন করেছেন, যা তদন্ত করিলে আমার অভিযোগের সত্যতা প্রকাশ পাইবে, উল্লেখ্য যে, প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ১৪ মর্মে সন্নিবেশিত যে কোন গভর্নিং বডি বা ক্ষেত্রমতে ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ত্রিশ দিন পূর্বে উহার উত্তরাধিকারী গভর্নিং বডি বা ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি গঠনের উদ্দেশ্যে সদস্য নির্বাচন সম্পন্ন করিতে হইবে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় প্রিজাইডিং অফিসার কোন অভিযোগ আমলে না নিয়ে একতরফা মনগড়া উপায়ে (প্রবিধানমালা অনুযায়ী ৪২দিন সময় প্রয়োজন পড়িলেও সেখানে মাত্র ১৩ দিন এডহক কমিটির মেয়াদ ছিলো) হীন উদ্দেশ্য সকল সদস্য ও সভাপতি নির্বাচন সম্পন্ন করে ম্যানেজিং কমিটি গঠন করেছেন যা বেআইনী এবং বাতিলযোগ্য।

২। প্রিজাইডিং অফিসার নির্বাচনি পুনঃতফসিল বিজ্ঞপ্তি প্রকাশ করেন দৈনিক গ্রামের কাগজ পত্রিকায় গত ২৪/০২/২২ খ্রি. তারিখে আর ম্যানেজিং কমিটির সদস্য নির্বাচন সম্পন্ন করার জন্য মাত্র ২দিন পর অর্থাৎ ২৭/০২/২২ খ্রিস্টাব্দ নির্ধারন করেছেন। যাহা বেআইনী। এখানে উল্লেখ যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রবিধানমালার ধারা ১৬ উপধারা ১ (ঘ) অনুযায়ী সুনির্দিষ্টভাবে উল্লেখ্য যে, ম্যানেজিং কমিটির সদস্য নির্বাচনের অনুষ্ঠানের জন্য অন্তত ১০দিন পরের একটি দিন ধার্য করার নির্দেশনা থাকিলেও প্রিজাইডিং অফিসার হীন উদ্দেশ্য 'পুনঃতফসিল বিজ্ঞপ্তি' মোতাবেক মাত্র ২ দিন সময় দিয়ে তৃতীয় দিন ধার্য করে সদস্য নির্বাচন সম্পন্ন করে প্রবিধানমালা অমান্য করেছেন যা বেআইনী এবং বাতিলযোগ্য।

৩। ম্যানেজিং কমিটি গঠনের লক্ষে প্রিজাইডিং অফিসার দৈনিক গ্রামের কাগজ পত্রিকায় 'নির্বাচনী তফসিল' বিজ্ঞপ্তি প্রকাশ করেন ১৪/০১/২২ খ্রিষ্টাব্দে আর মনোনয়ন পত্র জমাদান তার পরের দিন সহ দুইদিন যাহার দরুন নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রত্যাশী অনেকের নিকট বিজ্ঞপ্তির বিষয়টি অজানা থাকা সহ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা প্রস্তুতি গ্রহণের নুন্নতম সময় পায়নি। প্রিজাইডিং অফিসার ও এডহক কমিটি হীন উদ্দেশ্যে তড়িঘড়ি করে নির্বাচন সম্পন্ন করেছেন। যাহার দরুন সকল সদস্য নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন যা খতিয়ে দেখিলে আমার অভিযোগের সত্যতা প্রমাণ পাইবে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা আমার অভিযোগগুলি বিচার বিশ্লেষণ পর্যালোচনা করা ছাড়াও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর মহোদয়ের স্মারক নং ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৫৭ তারিখ ২২/০২/২০০২২ খ্রিষ্টাব্দে বর্ণিত- ২। প্রবিধানমালা ২০০৯ এর বিধানাবলী অনুসারে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করা সম্ভব না হলে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন দাখিল নির্দেশনা মর্মে শেখ ফজিলাতুন্নেছা মুজিব উচ্চ বালিকা বিদ্যালয় হতে সরকারি নির্দেশনা অমান্য করে প্রেরিত ম্যানেজিং কমিটি বাতিল করে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে পুনরায় এডহক কমিটি গঠনের নির্দেশনা প্রদান করিতে জনাবের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

জাকির হোসেন চৌধুরী
০১/০৩/২২ খ্রি.

(জাকির হোসেন চৌধুরী)
সদস্য, ম্যানেজিং কমিটি ২০১৯-২১ মেয়াদ
শেখ ফজিলাতুন্নেছা মুজিব উচ্চ বালিকা বিদ্যালয়
কালিয়া, নড়াইল।
মোবাইল: ০১৯৪৬১৬৫৫২৬

সংযুক্তি:
১। বিদ্যমান এডহক কমিটির অনুমোদন পত্র- ১ ফর্দ
২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর মহোদয়ের ২২/০২/২২ খ্রি. বিজ্ঞপ্তি/নোটিশ পত্র- ১ফর্দ
৩। প্রিজাইডিং অফিসার কর্তৃক নির্বাচনী তফসিল এবং পুনঃতফসিল বিজ্ঞপ্তি- ২ফর্দ